ইত্তেফাক

তারিখ ২৭।৩।৮০
পৃষ্ঠা ... কলাম ...

048

# আজ প্রিন্সিপাল ইব্রাহীম খাঁর দ্বিতীয় মৃত্যুবার্ষিকী

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (শনিবার) খ্যাতনামা সাহিত্যিক, শিক্ষাবিদ ও সমাজ সেবক প্রিন্সিপাল ইব্রাহীম খাঁর দ্বিতীয় মৃত্যুবার্ষিকী। এই উপলক্ষে ঢাকা ও টাঙ্গাইলের বিভিন্ন প্রতিষ্ঠান পৃথক পৃথকভাবে আলোচনা সভার আয়োজন করিয়াছে। আজ বিকাল ৫ টায় ইব্রাহীম খাঁ ফাউণ্ডেশনের উদ্যোগে ঢাকা জেলা ক্রীড়া সমিতি মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হইবে। আগামীকাল (রবিবার) টাঙ্গাইলের ভূয়াপুর কাকলী হাইস্কুল, কায়কোবাদ সাহিত্য মজলিস, আলাপন সাহিত্য শিবির এবং সাদত বিশ্ববিদ্যালয় কলেজে প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ স্মরণে আলোচনা সভার আয়োজন করা হইয়াছে।